

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ, সংস্থাপন শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
<https://dgfood.gov.bd>

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৩১.৩২.০০১৬.২৪.৫৩৫

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
২৫ মে ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: ব্যাখ্যা তলব সংক্রান্ত


সূত্র: নারায়ণগঞ্জ সাইলো, নারায়ণগঞ্জ এর ১৯/০২/২০২৬ তারিখের ৭৪৭ নং স্মারক;

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোসাঃ সালমা জাহান, সাইলো অপারেটিভ, নারায়ণগঞ্জ সাইলো, নারায়ণগঞ্জ এর আবেদনের প্রেক্ষিতে সংস্থাপন শাখা, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর ঢাকা'র ২৩/০৪/২০২৫ তারিখে ৩২৪ নং স্মারকে (হিমায়িত ভ্রূণ স্থানান্তর) রোগের উন্নত চিকিৎসার লক্ষ্যে ভারত গমনের অনুমতিসহ ২০/০৫/২০২৫ হতে ১৮/০৭/২০২৫ তারিখ পর্যন্ত ৬০ দিন অথবা ছুটি ভোগের তারিখ হতে ৬০ (ষাট) দিনের বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুর প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে তিনি ১১/০৬/২০২৫ হতে ০৭/০৮/২০২৫ তারিখ পর্যন্ত ৬০ (ষাট) দিনের ছুটি ভোগের অনুমতি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন। কিন্তু তার চিকিৎসা শেষ না হওয়ায় ১৪/১১/২০২৫ পর্যন্ত ভারতে অবস্থান করেন এবং ১৫/১১/২০২৫ তারিখে বাংলাদেশে ফেরত আসেন। শারীরিক অবস্থা অবনতির কারণে তাকে সিএমএইচ, ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় থাকতে হয়। এজন্য তিনি যথাসময়ে কাজে যোগদান করতে পারেননি। গত ১৮/০২/২০২৬খ্রি. তারিখ পূর্বাঙ্কে নারায়ণগঞ্জ সাইলোতে যোগদান করেন। এমতাবস্থায়, ০৮/০৮/২০২৫ হতে ১৭/০২/২০২৬ তারিখ পর্যন্ত অর্থাৎ মোট ১৯৪ (একশত চুরানব্বই) দিনের বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি বৃদ্ধির আবেদন করেন। তার প্রেরিত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, ভারতে অবস্থানকালে তিনি ছুটি বৃদ্ধির কোনো আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে খাদ্য অধিদপ্তরে প্রেরণ করেননি।

এক্ষণে, i) জনাব মোসাঃ সালমা জাহান ভারতে অবস্থানকালে ছুটি বৃদ্ধির কোনো আবেদন করেছিলেন কিনা ? ii) তার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ তথা সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো এ ব্যাপারে অবহিত ছিলেন কিনা ? iii) অননুমোদিতভাবে বহিঃবাংলাদেশ ছুটি ভোগের কারণে সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুসারে তার বিরুদ্ধে কোনো ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা ?

এমতাবস্থায়, এতদসংক্রান্ত জবাব পত্র প্রাপ্তির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা মহোদয় বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



২৫-০৫-২০২৬
অনির্বাণ ভদ্র
উপপরিচালক

জনাব মোসাঃ সালমা জাহান, সাইলো অপারেটিভ
নারায়ণগঞ্জ সাইলো, নারায়ণগঞ্জ।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৩১.৩২.০০১৬.২৪.৫৩৫/১ (১০)

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
২৫ মে ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ২। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৩। পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।

- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। উপপরিচালক (চলতি দায়িত্ব), যানবাহন ও কেন্দ্রীয় ওয়ার্কসপ শাখা, খাদ্য অধিদপ্তর।
- ৭। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো, নারায়ণগঞ্জ।
- ৮। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক,।
- ৯। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। অফিস/মাস্টার, কপি।



A handwritten signature in blue ink, appearing to read 'Abdullah'.

২৫-০৫-২০২৬
অনিবার্ণ ভদ্র
উপপরিচালক